

পরিচর্যার মান বাড়াতে তথ্য শেয়ার করা

আপনার পরিচর্যা প্রদানে উত্তর পূর্ব লন্ডনের স্বাস্থ্য ও পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীরা একত্রে কাজ করছেন। যারা সংশ্লিষ্ট তারা আপনার সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্য দেখতে পারেন, যাতে আপনি যৌথ পরিচর্যা পেতে পারেন।

এতে করে আপনি আপনার GP'র কাছে, হাসপাতালে গেলে, অথবা আপনার কমিউনিটি বা পরিবারে সহায়তা নিলে GP, হাসপাতালের ডাক্তার, ডিস্ট্রিক্ট নার্স বা সমাজকর্মীর মত আপনার পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীদের আপনার সম্পর্কে সঠিক সময়ে সঠিক তথ্য প্রাপ্তি নিশ্চিত হবে।

সুবিধাদি

আপনি আপনার স্বাস্থ্য সংশ্লিষ্ট পেশাজীবীদের সঙ্গে তথ্য শেয়ার সম্পর্কে কথা বলতে পারেন, তবে এখানে কিছু সুবিধার কথা উল্লেখ করা হল:

- আপনাকে কেবল একবারই আপনার ইতিহাস বলতে হবে।
- আপনি অপ্রয়োজনীয় সাক্ষাৎ ও পরীক্ষা এড়াতে পারবেন।
- আপনার পরিচর্যার ব্যাপারে সিদ্ধান্তের ক্ষেত্রে আপনি আরো বেশি সংশ্লিষ্ট হতে পারবেন।

আপনার পরিচর্যার ক্ষেত্রে সহায়তা প্রদান

কে আমার সম্পর্কিত তথ্য দেখবেন?

- আপনার পরিচর্যার সঙ্গে সরাসরি সম্পৃক্ত GP, নার্স এবং সমাজকর্মীর মত আপনার স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীরা।
- আপনার সাক্ষাৎ বা আশ্রয় চিকিৎসা আয়োজনকারী সহায়তা কর্মী।
- আপনার অনুমতি সাপেক্ষে আপনার সর্বোত্তম পরিচর্যার জন্য কেস কনফারেন্সে আপনার রোগ নির্ণয়, চিকিৎসা ও পরিচর্যা নিয়ে আলোচনাকারী স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা সংশ্লিষ্ট দলগুলো।

আপনার সম্পর্কিত যেসব তথ্য শেয়ার করা হয় তাতে রয়েছে:

- আপনার পরিচর্যা সংশ্লিষ্ট স্বাস্থ্য ও কল্যাণ সম্পর্কিত তথ্য।
- NHS নম্বর।

- বয়স
- যোগাযোগের বিস্তারিত।
- নিকটতম আত্মীয়।
- ঔষধ ও অ্যালার্জি।
- সাক্ষাৎ, চিকিৎসা ও পরিচর্যা।
- রক্ত পরীক্ষা, ল্যাবরেটরি পরীক্ষা, এক্স-রে ইত্যাদির ফলাফল।

পরিচর্যায় সহায়তা এবং মান উন্নয়ন

উত্তর পূর্ব লন্ডনের অধিবাসীদের জন্য স্থানীয় পরিষেবার মান বৃদ্ধির লক্ষ্যে আপনার ব্যক্তিগত বিবরণ ছাড়া কিছু তথ্য নিরাপদে স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা সংশ্লিষ্ট সংস্থাগুলোর সঙ্গে শেয়ার করা হতে পারে। বেনামি তথ্য পরিকল্পনা প্রণয়ন ও পরিচর্যা প্রদান করতে সাহায্য করে। এটা প্রদত্ত পরিষেবার মান পর্যবেক্ষণেও আমাদেরকে সহায়তা করে।

আপনার পছন্দ/ইচ্ছা

আপনি সানন্দে আপনার তথ্য শেয়ার করলে

- আপনার সম্পর্কিত তথ্য আপনাকে পরিচর্যা প্রদানকারী স্বাস্থ্য ও পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীদের সঙ্গে শেয়ার করা হয়।
- সবার জন্য স্থানীয় পরিষেবার পরিকল্পনা প্রণয়ন ও মান বৃদ্ধির লক্ষ্যে তথ্য (আপনার ব্যক্তিগত বিবরণ ছাড়া) বেনামিতে আপনাকে পরিচর্যা প্রদানকারী স্বাস্থ্য ও পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীদের সঙ্গে শেয়ার করা হয়।

আমার সম্পর্কিত তথ্য কি সুরক্ষিত?

আপনার সম্পর্কিত তথ্য ডেটা সুরক্ষা আইন 1998 দ্বারা সুরক্ষিত।

- স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীরা কেবল আপনাকে সরাসরি পরিচর্যা প্রদানের জন্য তথ্য দেখতে পারেন।
- বেসরকারি কোম্পানিগুলোর সঙ্গে আপনার সম্পর্কিত তথ্য শেয়ার বা তা তাদের কাছে বিক্রি করা হবে না।
- স্বাস্থ্য ও পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীরা অবশ্যই আপনার রেকর্ড নিরাপদ রাখবেন।

আপনি আপনার তথ্য শেয়ার করতে না চাইলে অনুগ্রহ করে আপনাকে পরিচর্যা প্রদানকারী স্বাস্থ্য বা পরিচর্যা সংশ্লিষ্ট সংস্থাগুলোকে জানাবেন।

বিবেচ্য বিষয়

আমাদের ইচ্ছা হল রোগীদেরকে তাদের রেকর্ড শেয়ার এবং তাতে প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করার ক্ষমতা প্রদান করা। আপনার তথ্য শেয়ার করার ক্ষেত্রে আপনার বিবেচনা করা উচিত এমনকিছু বিষয় রয়েছে:

- আপনাকে সমস্ত রেকর্ড শেয়ার করতে হবে না; কী দেখা হবে এবং কে দেখবেন আপনি তা নিয়ন্ত্রণ করতে পারেন।
- আপনি বন্ধু বা পরিবারের সদস্যদের আপনার রেকর্ডে প্রবেশাধিকার দিলেও তারা কী দেখবেন আপনি তা নিয়ন্ত্রণ করতে পারেন।
- আপনি আপনার রেকর্ডে কোন ত্রুটি দেখলে অনুগ্রহ করে অবিলম্বে আপনার পরিচর্যা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করবেন।

আরো জানতে চান?

আপনি আরো তথ্য চাইলে অনুগ্রহ করে:

- আপনাকে পরিচর্যা প্রদানকারী স্বাস্থ্য বা পরিচর্যা সংশ্লিষ্ট পেশাজীবীদের সঙ্গে কথা বলবেন।
- দেখবেন: www.integration.healthiernorthwestlondon.nhs.uk